(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

www.iau.edu.bd



স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/নজরুল বর্ষ/২০২৬/১৩৬১৭

তারিখ: ২৯ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ / ১৪ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত সকল ফাজিল ও কামিল স্তরের মাদরাসাসমূহে নজরুল বর্ষ পালন উপলক্ষে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার প্রয়াসে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ০৫ (পাঁচ) টি ক্যাটাগরিতে প্রতিযোগিতা আয়োজনের নিমিত্তে থানা/উপজেলা পর্যায়ে নিম্নোক্ত পরিচালনা কমিটি গঠন করা হলো:

ক্রম.	পদের নাম/সদস্য	কমিটিতে অবস্থান	সংখ্যা
০১	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)	আহ্বায়ক	১ জন
০২	নির্বাচিত ভেন্যু মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষের মনোনীত প্রতিনিধি	সদস্য সচিব	১ জন
০৩	নির্বাচিত ভেন্যু মাদরাসার সহকারী অধ্যাপক/প্রভাষক (বাংলা)	সদস্য	১ জন
০৪	নির্বাচিত ভেন্যু মাদরাসার সাংস্কৃতিক কার্যক্রমে সম্পৃক্ত শিক্ষক	সদস্য	১ জন
০৫	অংশগ্রহণকারী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধি	সদস্য	১ জন করে

প্রতিযোগিতার ক্যাটাগরিসমূহ:

ক. ক্যাটাগরি-১: নজরুলের ইসলামিক সংগীত/গজল

খ. ক্যাটাগরি-২: নজরুলের কবিতা আবৃত্তি

গ. ক্যাটাগরি-৩: কবি নজরুল রচিত হামদ ও নাত

ঘ. ক্যাটাগরি-৪: রচনা প্রতিযোগিতা (বিষয়: নজরুল ও মানুষের মুক্তি)

ঙ. ক্যাটাগরি-৫: উপস্থিত বক্তৃতা (সংশ্লিষ্ট কমিটি তাৎক্ষণিকভাবে বিষয় নির্ধারণ করবে)

অনুসরণীয় শর্তাবলী ও নির্দেশিকা:

১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি বিচারক প্যানেল গঠন করবেন;

২. উপজেলা/থানা পর্যায়ের সকল ফাজিল ও কামিল মাদরাসা আগামী ১৯শে অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে তাদের অভ্যন্তরীণ প্রতিযোগিতা সম্পন্ন করবে;

৩. অভ্যন্তরীণ প্রতিযোগিতার বিজয়ীদের তালিকা আগামী ২৫শে অক্টোবর ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. প্রত্যেক মাদরাসা থেকে প্রতিটি ক্যাটাগরিতে সর্বোচ্চ ০৩ (তিন) জন করে প্রতিযোগী উপজেলা পর্যায়ের মূল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন;

৫. উপজেলা/থানা পর্যায়ের মূল প্রতিযোগিতা আগামী ২৮শে অক্টোবর ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে;

৬. জেলা পর্যায়ের মূল প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য তারিখ ০১ নভেম্বর ও ৩ নভেম্বর ২০২৬খ্রিস্টাব্দ;

৭. উপজেলা/থানা পর্যায়ের প্রতিযোগিতার নির্ধারিত ভেন্যু তালিকা যথাসময় বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৪/১০/২৬

প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/নজরুল বর্ষ/২০২৬/১৩৬১৭ তারিখ: ১৪ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা;
২. সভাপতি, গভর্নিংবডি/এডহক কমিটি, অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৪. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৫. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৬. প্রো-ভাইস চ্যান্সেলর-একাডেমিক এর একান্ত সচিব, ইআবি, (প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৭. প্রো-ভাইস চ্যান্সেলর-প্রশাসন এর একান্ত সচিব, ইআবি, (প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, ইআবি, (ট্রেজারারের সদয় অবগতির জন্য);
৯. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. অফিস নথি।

১৫/১০/২০২৬

ফাহাদ আহমদ মোমতাজী
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়